

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, ফেব্রুয়ারি ৯, ২০১৭

বাংলাদেশ জাতীয় সংসদ

ঢাকা, ২৭ মাঘ, ১৪২৩ মোতাবেক ০৯ ফেব্রুয়ারি, ২০১৭

নিম্নলিখিত বিলটি ২৭ মাঘ, ১৪২৩ মোতাবেক ০৯ ফেব্রুয়ারি, ২০১৭ তারিখে জাতীয় সংসদে  
উত্থাপিত হইয়াছে:—

বা. জা. স. বিল নং ০৬/২০১৭

ব্যটালিয়ন আনসার আইন, ১৯৯৫ এর সংশোধনকল্পে আনীত বিল

যেহেতু নিম্নবর্ণিত উদ্দেশ্য পূরণকল্পে ব্যটালিয়ন আনসার আইন, ১৯৯৫ (১৯৯৫ সনের ৪ নং  
আইন) এর অধিকতর সংশোধন সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্বারা নিম্নরূপ আইন প্রণয়ন করা হইল:—

১। সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন।—(১) এই আইন ব্যটালিয়ন আনসার (সংশোধন) আইন,  
২০১৭ নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২। ১৯৯৫ সনের ৪ নং আইনের ধারা ৬ক এর সংশোধন।—ব্যটালিয়ন আনসার আইন,  
১৯৯৫ (১৯৯৫ সনের ৪ নং আইন) এর ধারা ৬ক এর উল্লিখিত “৯ (নয়)” সংখ্যা, শব্দ ও বন্ধনীর  
পরিবর্তে “৬(ছয়)” সংখ্যা, শব্দ ও বন্ধনী প্রতিস্থাপিত হইবে।

( ১২৯৭ )

মূল্য ৪ টাকা ৪.০০

## উদ্দেশ্য ও কারণ সম্বলিত বিবৃতি

ব্যাটালিয়ন আনসার আইন, ১৯৯৫ (১৯৯৫ সনের ৪ নং আইন) দ্বারা আনসার ব্যাটালিয়ন গঠিত এবং নিয়ন্ত্রিত। আনসার ও ভিডিপি সংগঠনের জনবল কাঠামোতে ৩৭টি পুরুষ ও ২টি মহিলা আনসার ব্যাটালিয়নসহ ৩৯টি আনসার ব্যাটালিয়নের বিভিন্ন পদবীর মোট পদ সংখ্যা ১৫৭৬৪টি। ব্যাটালিয়ন আনসারদের চাকরি স্থায়ীকরণের লক্ষ্যে ব্যাটালিয়ন আনসার আইন, ১৯৯৫ এর ৬ ধারার পর ২০০০ সালে (২০০০ সনের ৩২ নং আইন) ৬ক সংযোজন করে অঙ্গীভূত ব্যাটালিয়ন আনসার সদস্যদের মধ্যে যাদের চাকরির মেয়াদ ১৫ (পনের) বছর বা তদূর্ধ্ব, তাদেরকে বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে স্বপদে স্থায়ীভাবে নিয়োগের বিধান রাখা হয়। পরবর্তীতে ২০০৫ সালে ১৫ (পনের) বছরের স্থলে ১২ (বার) বছর এবং ২০১০ সালে ১২ (বার) বছরের স্থলে ৯ (নয়) বছর করা হয়। উক্ত সংশোধনীর আলোকে ইতোমধ্যে পর্যায়ক্রমে বিভিন্ন পদবীর মোট ১৪৫৩২ জন অঙ্গীভূত ব্যাটালিয়ন আনসারদের স্থায়ীকরণ করা হয়েছে এবং ১২৩২ জন অঙ্গীভূত ব্যাটালিয়ন আনসার অবশিষ্ট রয়েছে।

অঙ্গীভূত ব্যাটালিয়ন আনসার অন্যান্য শৃঙ্খলা বাহিনীর সদস্য এবং সরকারের অন্যান্য প্রতিষ্ঠানের কর্মকর্তা/কর্মচারীদের ন্যায় নিয়োগ পরীক্ষার মাধ্যমে নিয়োগ প্রদান করা হয় এবং নির্ধারিত প্রশিক্ষণ দেয়া হয়। তবে অন্যান্যদের মতো সাধারণভাবে ২ বছর সন্তোষজনক চাকরির পর তাদের চাকরি স্থায়ী হয় না বরং বিদ্যমান আইনের বিধান অনুযায়ী অঙ্গীভূত হিসেবে দৈনিক ভাতাদির ভিত্তিতে ৯ (নয়) বছর পরে স্কেলভিত্তিক স্থায়ী পদে নিয়োগ দেয়া হয়।

বর্তমান সরকার বর্ণিত আইনে বিদ্যমান ব্যাটালিয়ন আনসার সদস্যদের অঙ্গীভূত ও স্কেলবিহীন চাকরির মেয়াদ ৯ বছর থেকে কমিয়ে আনার সিদ্ধান্ত নেয়। এরই ধারাবাহিকতায় জনপ্রশাসন মন্ত্রণালয় ও অর্থ মন্ত্রণালয় “ব্যাটালিয়ন আনসার (সংশোধন) আইন, ২০১৬” এ ধারা ৬ক অধিকতর সংশোধন করে ব্যাটালিয়ন আনসার সদস্যদের অঙ্গীভূত ও স্কেলবিহীন চাকরির মেয়াদ ৯ (নয়) বছর এর পরিবর্তে ৬ (ছয়) বছরে কমিয়ে আনা এবং ব্যাটালিয়ন আনসার আইন, ১৯৯৫ এর সংশ্লিষ্ট ধারা ৬ক (২০১০ সনের ৪৬ নং আইন দ্বারা সংশোধিত) সংশোধন করার ব্যাপারে সম্মতি জ্ঞাপন করে।

ব্যাটালিয়ন আনসার আইন, ১৯৯৫ (১৯৯৫ সনের ৪ নং আইন) এর ধারা ৬ক এ উল্লিখিত “৯ (নয়)” সংখ্যা, শব্দ ও বন্ধনীর পরিবর্তে “৬ (ছয়)” সংখ্যা, শব্দ ও বন্ধনী প্রতিস্থাপিত করার নিমিত্তে “ব্যাটালিয়ন আনসার (সংশোধন) আইন, ২০১৬” এর খসড়া বিল ০৯-০১-২০১৭ তারিখে মন্ত্রিসভার বৈঠকে উপস্থাপন করা হয়। মন্ত্রিসভা উক্ত খসড়া বিলটি আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের ডেটিং গ্রহণ সাপেক্ষে নীতিগত ও চূড়ান্তভাবে অনুমোদন করেন। মন্ত্রিসভা কর্তৃক প্রদত্ত নির্দেশনা মোতাবেক উপস্থাপিত বিলটিতে আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের ডেটিং গ্রহণ করা হয়েছে।

উক্তরূপ কারণে ব্যাটালিয়ন আনসার আইন, ১৯৯৫ (১৯৯৫ সনের ৪ নং আইন) এর ধারা ৬ক এ উল্লিখিত “৯ (নয়)” সংখ্যা, শব্দ ও বন্ধনীর পরিবর্তে “৬ (ছয়)” সংখ্যা, শব্দ ও বন্ধনী প্রতিস্থাপিত হবে।

**আসাদুজ্জামান খাঁন**

ভারপ্রাপ্ত মন্ত্রী।

**ড. মোঃ আবদুর রব হাওলাদার**

সিনিয়র সচিব।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,

তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site : www.bgpress.gov.bd